



শুক্রবার

০৯ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ, ২৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ

সংখ্যা-০৭, ১১ম বর্ষ

রেজিঃ নং- চ ৬৩৪

চার পাতা

মূল্য- ৫ (পাঁচ) টাকা

নবীনগরে মাসিক আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত-



জনগণের প্রত্যাশিত সেবা নিশ্চিত করতে প্রশাসনকে সর্বোচ্চ দায়িত্বশীল হওয়ার নির্দেশ।

অদ্য নবীনগর উপজেলায় মাসিক আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় নবীনগর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, জননিরাপত্তা, যানজট, মাদক, সামাজিক সমস্যা এবং জনগণের প্রত্যাশিত নাগরিক সেবা নিশ্চিত করার বিভিন্ন বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ব্রাহ্মণবাড়িয়া-৫ (নবীনগর) আসনের মাননীয় সংসদ সদস্য অ্যাডভোকেট আব্দুল মান্নান, যিনি নবীনগর আইন-শৃঙ্খলা কমিটির মুখ্য উপদেষ্টা, প্রশাসনের প্রতি জনগণের প্রত্যাশিত সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ও কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, জনগণের কল্যাণ ও নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রশাসনের প্রত্যেকটি দপ্তরকে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করতে হবে। জনগণ যেন হয়রানি ছাড়া কাঙ্ক্ষিত সেবা পায়-এটি

নিশ্চিত করাই প্রশাসনের অন্যতম প্রধান দায়িত্ব। সভায় সভাপতিত্ব করেন নবীনগর উপজেলা নির্বাহী অফিসার জনাব মোহাম্মদ রাকিবুল ইসলাম। তিনি উপজেলার জনগণের সেবা নিশ্চিত করতে প্রশাসনের পক্ষ থেকে নিয়মিত ও কার্যকরভাবে দায়িত্ব পালনের প্রত্যয় ব্যক্ত করেন। সভায় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, নবীনগর প্রেসক্লাবের সভাপতি, রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, সুশীল সমাজের প্রতিনিধি ও আইনশৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ বক্তব্য রাখেন। বক্তারা নবীনগরের শান্তি-শৃঙ্খলা, জননিরাপত্তা ও নাগরিক সেবা আরও কার্যকর ও জনবান্ধব করার লক্ষ্যে পারস্পরিক সমন্বয়ের ওপর গুরুত্বারোপ করেন। জনগণের নিরাপত্তা, সুশাসন ও কাঙ্ক্ষিত সেবা নিশ্চিত করাই হোক নবীনগরের প্রশাসন ও জনপ্রতিনিধিদের সম্মিলিত অঙ্গীকার।

শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।



ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে শিক্ষা ও ক্রীড়ার মানোন্নয়ন, শিক্ষার্থীদের নিয়মিত খেলাধুলায় সম্পৃক্ত করা এবং শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। একই সঙ্গে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়। বৃহস্পতিবার (১ অক্টোবর) উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আয়োজিত এ সভায় প্রধান অতিথি ছিলেন ব্রাহ্মণবাড়িয়া-৫ (নবীনগর) আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মো. আব্দুল মান্নান। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রাকিবুল ইসলাম। উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য এসব ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়। সভায় নবীনগর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর এ কে এম রেজাউল করিম, উপজেলা কৃষি কর্মকর্তা জাহাঙ্গীর আলম লিটন, নবীনগর প্রেসক্লাবের সভাপতি মোহাম্মদ

হোসেন শান্তিসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা বক্তব্য দেন ও অংশ নেন। সভায় শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন, শিক্ষার পরিবেশ, সহশিক্ষা কার্যক্রম, ক্রীড়া চর্চার সুযোগ সম্প্রসারণসহ শিক্ষার্থীদের সার্বিক বিকাশের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য অ্যাডভোকেট মো. আব্দুল মান্নান শিক্ষা ও ক্রীড়ার উন্নয়নে সংশ্লিষ্ট সবাইকে সমন্বিতভাবে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, শিক্ষার্থীদের মেধা বিকাশের পাশাপাশি নিয়মিত খেলাধুলার সুযোগ নিশ্চিত করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এ ক্ষেত্রে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে। সভায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও ক্রীড়া সংশ্লিষ্টরা এ উদ্যোগকে স্বাগত জানান। তারা বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী ও খেলাধুলার সুযোগ বাড়ানো হলে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশের পাশাপাশি তৃণমূল পর্যায়ে থেকে নতুন খেলোয়াড় তৈরির সুযোগ সৃষ্টি হবে।

সংসদে স্থানীয় এমপির বক্তব্যের প্রেক্ষিতে আদালত পরিদর্শনে হাইকোর্ট বিচারপতিদ্বয়



ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর দেওয়ানী আদালত পরিদর্শন করেছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর ও বিচারপতি মো. জাবিদ হোসেন। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) সকালে তাঁরা নবীনগর আদালত প্রাঙ্গণে এসে আদালতের সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন। বিচারপতিদ্বয়ের গাড়িবহর নবীনগর আদালত প্রাঙ্গণে পৌঁছালে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রাকিবুল ইসলাম, সার্কেল এসপি পিয়াস বসাক এবং নবীনগর থানার অফিসার ইনচার্জ মো. মোরশেদুল আলম সহ আদালতের কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী তাঁদের অভ্যর্থনা জানান। এ সময় জেলা পুলিশ লাইন্স থেকে আগত পুলিশের একটি টোকস দল বিচারপতিদ্বয়কে গার্ড অব অনার প্রদান করে। গার্ড অব অনারের সময় বিউগলের সুরে আদালত প্রাঙ্গণে এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। এ সময় আদালতে উপস্থিত বিচারপ্রার্থী, আইনজীবী, আইনজীবী সহকারী ও দর্শনার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যায়। আদালত পরিদর্শনকালে বিচারপতিদ্বয় নবীনগর চৌকি আদালতের সিনিয়র সহকারী জজ মিজানুর রহমান এবং

বাঞ্ছারামপুর চৌকি আদালতের জজ আনন্দ পালের এজলাসে বিচারকার্য পরিচালনা প্রত্যক্ষ করেন। তাঁরা আদালতের কার্যক্রম, বিচারপ্রক্রিয়া ও আইনজীবীদের কার্যক্রম পর্যবেক্ষণের পাশাপাশি উপস্থিত বিচারপ্রার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় আদালতে আসা বড়িকান্দি গ্রামের মো. শাহজাহান মিয়া (৬০) বলেন, “সংগ্রামের পর থেকেই এই আদালতে আমার আসা-যাওয়া। জীবনে প্রথম দেখলাম নবীনগরে দুইজন বিচারপতি এসে আদালতের হালচাল দেখলেন। এটি আমাদের জন্য আনন্দের ও স্মরণীয় একটি ঘটনা।” মাননীয় বিচারপতিগণ আদালত প্রাঙ্গণ, বার লাইব্রেরী এবং বিজ্ঞ আইনজীবীগণের চেম্বার পরিদর্শন করেন। বার লাইব্রেরী পরিদর্শনের সময় বারের সভাপতি, সেক্রেটারী সহ সকল সদস্য উপস্থিত ছিলেন। বারের সেক্রেটারী এডভোকেট আনিছুর রহমান আদালতে আইনজীবী গণের বসার জন্য টেবিল, কম্পিউটার এবং ফটোকপি মেশিন সরবরাহের দাবী করেন। স্থানীয় বিচারপ্রার্থী ও সংশ্লিষ্টদের মতে, নবীনগর দেওয়ানী আদালতে একই দিনে হাইকোর্ট বিভাগের দুই বিচারপতির পরিদর্শন উপজেল-

ার বিচারপ্রার্থী মানুষের কাছে একটি গুরুত্বপূর্ণ ও স্মরণীয় ঘটনা। তাঁদের প্রত্যাশা, আদালতের কার্যক্রম আরও গতিশীল হবে এবং বিচারপ্রার্থীরা দ্রুত বিচারসেবা পাবেন। বিচারপ্রার্থীদের অনেকে নবীনগরে দেওয়ানী মামলার পাশাপাশি ফৌজদারি মামলার বিচারকার্যও দ্রুত ও পূর্ণাঙ্গভাবে শুরু করার দাবি জানান। তাঁদের আশা, আদালতের বিচারিক কার্যক্রম সম্প্রসারিত ও গতিশীল হলে দীর্ঘদিন ধরে বিচারপ্রক্রিয়ার অপেক্ষায় থাকা সাধারণ মানুষ আরও সহজে ও দ্রুত ন্যায়বিচার পাওয়ার সুযোগ পাবেন। এ ব্যাপারে স্থানীয় সাংসদ এডভোকেট আব্দুল মান্নান সাংবাদিকদের বলেন আমি নবীনগরের ভাগ্য উন্নয়নে কাজ করে যাচ্ছি আপনারা সহযোগিতা করুন, আমি সংসদ অধিবেশনে নবীনগর ও বাঞ্ছারামপুরের বিচারিক কাজের সুবিধার জন্য নবীনগরের ফৌজদারী মামলার বিচার কাজ ও নতুন ভবন নির্মাণের জোর দাবি জানিয়েছিলাম, আমি আশা করছি এই জনবান্ধব সরকার আমাদের জনগণের কথা বিবেচনা করে আমার সকল দাবি পূরণ করবে ইনশাআল্লাহ।



বৃক্ষরোপন কর্মসূচি সবুজ বাংলাদেশ, সমৃদ্ধ ভবিষ্যৎ

- পরিবেশ সংরক্ষণ
- জলবায়ু পরিবর্তন মোকাবিলা
- বায়ু দূষণ হ্রাস